যুগান্তর

5 JUN 2003 পৃষ্ঠা ৩ কলাম ৮

# আহ্ছানিয়া মিশনের ইউনেস্কো আন্তর্জাতিক সাক্ষরতা পুরস্কার লাভ

**যুগান্তর রিপোর্ট**

সাক্ষরতা ও শিক্ষাক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ঢাকা আহ্ছানিয়া মিশন ইউনেস্কো আন্তর্জাতিক সাক্ষরতা পুরস্কার লাভ করেছে। আগামী ৮ সেপ্টেম্বর আন্তর্জাতিক সাক্ষরতা দিবসে আনুষ্ঠানিকভাবে এ পুরস্কার দেয়া হবে। গতকাল জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে বাংলাদেশে ইউনেস্কোর কান্ট্রি ডিরেক্টর উলফ গ্যাং ভলম্যান এ তথ্য জানিয়ে বলেন, এই পুরস্কারের মাধ্যমে সাক্ষরতা ও শিক্ষাক্ষেত্রে ঢাকা আহ্ছানিয়া মিশনের অবদান আন্তর্জাতিক পর্যায়ে স্বীকৃতি পেল যা বাংলাদেশের জন্য গৌরবের। এ সময় বাংলাদেশ জাতীয় ইউনেস্কো কমিশনের সচিব সৈয়দ জগলুল পাশা, ঢাকা আহ্ছানিয়া মিশনের নির্বাহী পরিচালক কাজী রফিকুল আলম, উপনির্বাহী পরিচালক এম এহছানুর রহমান, বিভাগীয় পরিচালক প্রফেসর নুরুল ইসলাম, হাবিবুর রহমান, সাদেকুর রহমান ও হুমায়ুন কবীর টুটুল উপস্থিত ছিলেন। মিশনের নির্বাহী পরিচালক কাজী রফিকুল আলম এই পুরস্কার প্রাপ্তিতে মিশনের দায়িত্ব আরও বেড়ে গেছে উল্লেখ করে বলেন, ১৯৮০ সাল থেকে মিশন উপানুষ্ঠানিক শিক্ষাক্ষেত্রে একাগ্রভাবে কাজ করছে। এ পর্যন্ত ৩৮ লাখ নিরক্ষরকে সাক্ষর করেছে। মিশন সাক্ষরতা নিয়ে কাজ করছে দেশের ৫৪টি জেলায়। এক প্রশ্নের জবাবে কাজী রফিকুল আলম বলেন, ১৫ হাজার মার্কিন ডলার মূল্যমানের এই পুরস্কারের অর্থ শিক্ষা ... ব্যয় করা হবে।